

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
শিল্প নগরী ও সমন্বয় শাখা
১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৩৬.০২.০০০০.০১৪.৯৯.২১২.২০.৬২

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: বিসিক শিল্পনগরীর পানির বিল পুনঃনির্ধারণ

সূত্র: বোর্ড শাখা, বিসিক, ঢাকার স্মারক নং- ৩৬.০২.০০০০.০০৪.০৬.০১০.১৯-২১/১১১৯, তারিখ : ১০-০৮-২০২১
স্থি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১০ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত বিসিক পরিচালনা পর্ষদের ৫৯তম বিশেষ সভায় বিসিক শিল্পনগরীর পানির বিল পুনঃনির্ধারণের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে (সিদ্ধান্ত নংঃ বিশেষ-৫৯-৬১/২০২১) :

"বিসিক শিল্পনগরীর পানির বিল নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো :

পাইপের ব্যাস	মাসিক পানির রেট (টাকায়)		মন্তব্য
	সি ও ডি গ্রেড	এ-১, এ-২ ও বি গ্রেড	
১/২" ব্যাসার্ধ	৩০০/-	৪৫০/-	সর্বশেষ সার্ভিস চার্জ নির্ধারণের সময় শিল্পনগরীসমূহকে এ-১, এ-২, বি, সি ও ডি গ্রেডে বিভক্ত করা হয়েছে। পানির বিলের ক্ষেত্রেও অনুরূপ গ্রেড হবে।
৩/৪" ব্যাসার্ধ	৫০০/-	৭৫০/-	
১" ব্যাসার্ধ	১,২০০/-	১,৮০০/-	
১.৫" ব্যাসার্ধ	২,৪০০/-	৩,৬০০/-	

উল্লেখ্য, (১) পানির পাম্প নষ্ট অথবা অন্য কোন কারণে পানির সরবরাহ বন্ধ থাকলে রক্ষণাবেক্ষণ ব্যয় মেটানোর জন্য শিল্প প্রতিষ্ঠান হতে নির্ধারিত হারের এক-তৃতীয়াংশ পানির বিল আদায়যোগ্য হবে; তবে পানি সরবরাহ বন্ধ হওয়ার পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে সরবরাহ কার্যক্রম স্বাভাবিক করা সম্ভব না হলে পানির বিল শুধুমাত্র সরবরাহ বন্ধ পরবর্তী ০৩ (তিন) মাসের জন্য আদায়যোগ্য হবে।

(২) যে সকল শিল্প প্রতিষ্ঠানকে পানি সরবরাহ করার সক্ষমতা বিসিকের নেই, সে সকল শিল্প প্রতিষ্ঠান হতে কোন ধরনের পানির বিল আদায় করা যাবে না।

(৩) পানি সরবরাহ করার সক্ষমতা বিসিকের থাকার পরেও যদি কোন শিল্প প্রতিষ্ঠান পানির লাইনের সংযোগ গ্রহণ না করে, তাদের ক্ষেত্রে নির্ধারিত হারের এক-তৃতীয়াংশ পানির বিল (১" ব্যাসার্ধের পাইপ হিসেবে) আদায়যোগ্য হবে।

(৪) বিসিক শিল্পনগরীর পুনঃনির্ধারিত পানির বিল ০১/০৯/২০২১ হতে কার্যকর হবে"।

০২। বিষয়টি অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

Rahim

৭-৯-২০২১
প্রকৌশলী নাসরীন রহিম
উপ-মহাব্যবস্থাপক (শিল্প নগরী)

বিতরণ :


- ১) আঞ্চলিক পরিচালক (সকল), বিসিক
- ২) জেলা কার্যালয় প্রধান (সকল), বিসিক
- ৩) শিল্পনগরী কর্মকর্তা (সকল), বিসিক

স্মারক নম্বর: ৩৬.০২.০০০০.০১৪.৯৯.২১২.২০.৬২/১(১০)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১) সকল পরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ২) নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ) (ভারপ্রাপ্ত), হিসাব ও অর্থ বিভাগ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ৩) সহকারী মহা-ব্যবস্থাপক (আইসিটি সেল প্রধান), বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ৪) সিনিয়র সিঃ ওঃ, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)



৭-৯-২০২১

মল্লিক মোস্তাফিজুর রহমান
সম্প্রসারণ কর্মকর্তা